

# 2023

# JALPAIGURI

## BAMANDANGA TEA ESTATE






# PUJO PARIKRAMA 2023 POSTER




# PUJO PARIKRAMA 2023 COVER

# About Pujo Parikrama'23

On October 8, 2023, for the first time, the teachers, students, and staff from the Journalism and Mass Communication department, along with faculty members and staff from other departments of Maharaja Manindra Chandra College, set off for a tea garden.

They brought the joy of the Puja festival by providing meals and new clothes to 250 orphaned children. Additionally, for the first time, arrangements were made to distribute sarees to 100 unemployed women.

This event took place on October 8, 2023, at the Bamandanga Tea Estate near Nagrakata in Jalpaiguri. The tea garden had been closed since the COVID-19 period, leaving the workers with little to no daily income. Despite the tough circumstances, that year, Manindra College ensured smiles on their faces.



# PUJO PARIKRAMA 2023 PHOTOS

















# MEDIA COVERAGE 2023



পুজোর ঢাকে কাঠি পড়ে গিয়েছে। রাজ্যের সর্বত্র পুজো পুজো গন্ধ। এই আবহে বন্ধ চা বাগানের শ্রমিকদের মুখে হাসি ফোটালেন কলকাতার মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজের কয়েকজন অধ্যাপক ও পড়ুয়ারা। ডুয়ার্সে বন্ধ বামনডাঙা চা-বাগানে শ্রমিক ও শিশুদের হাতে তুলে দেওয়া হল নতুন পোশাক। ৩৫০ দরিদ্র পরিবারের সদস্যদের খাওয়ানোও হল। রবিবার স্থানীয় টিজি প্রাইমারি স্কুলে একটি ছোটো অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। সেখানেই পুজোর উপহার তুলে দিয়ে ওই কলেজের সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ও ছাত্রছাত্রীরা বলেছেন, "পুজোর সময় যখন সবাই মেতে ওঠেন উৎসবে তখন এঁদের কিছুই থাকে না। তাই আমরা সাধ্যমতো পাশে থাকার চেষ্টা করলাম।"

## পুজো-উপহার পাহাড়ের গ্রামে

আজকালের প্রতিবেদন



সমতল পেরিয়ে এবার পাহাড়। তেরোয় পা মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজের সাংবাদিকতা ও গণজ্ঞাপন বিভাগের অভিনব পুজো- পরিক্রমার। এবারের গন্তব্য ছিল জলপাইগুড়ি জেলার নাগরাকাটার কাছে বামনডাঙ্গা চা- বাগান। ওখানকার বন্ধ চা-বাগানের শ্রমিকদের মুখে হাসি ফোটাতে তাঁদের পরিবারের ৩৫০ সদস্যকে নতুন জামা-শাড়ি কেনা থেকে শুরু করে পেটপুরে খাওয়ানোর ব্যবস্থা করা হয়। উল্লেখ্য, এই পুজো- পরিক্রমার যাবতীয় খরচের অর্থ কলেজের সাংবাদিকতা ও গণজ্ঞাপন বিভাগের বর্তমান ও প্রাক্তন ছাত্রছাত্রীরা, অধ্যাপক-অধ্যাপিকারা নিজেরাই সংগ্রহ করেছেন।

# বাগানের শ্রমিক ও শিশুদের পাশে অধ্যাপক-পড়ুয়ারা

**প্রতিবেদন :** ডুয়ার্সের বন্ধ বামনডাঙা চা বাগানে শ্রমিক ও শিশুদের হাতে তুলে দেওয়া হল নতুন পোশাক। এই সঙ্গে পেট ভরে খাওয়ানো হল প্রায় ৩৫০ দরিদ্র পরিবারের সদস্যদের। টিজি প্রাইমারি স্কুলে একটি ছোট্ট অনুষ্ঠানের মধ্য দিয়ে পুজোর আগে এই নতুন পোশাক তুলে দেওয়া হয়েছে।



নতুন পোশাক দিচ্ছেন অধ্যাপক বিশ্বজিৎ দাস।

পুজোর ঢাকে কাঠি পড়ে গিয়েছে। রাজ্যের সর্বত্র পুজো-পুজো গন্ধ। এই আবহে বন্ধ চা বাগান শ্রমিকদের মুখে হাসি ফোটাল মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজের কয়েকজন অধ্যাপক ও পড়ুয়াদের মিলিত উদ্যোগ। রবিবার ডুয়ার্সের বন্ধ বামনডাঙা চা-বাগানের শ্রমিক ও শিশুদের হাতে তুলে দেওয়া হল নতুন পোশাক। এরই পাশাপাশি, খাওয়ানো হল প্রায় ৩৫০ দরিদ্র পরিবারের সদস্যদের। ছিলেন নাগরাকাটা পঞ্চায়েত সমিতির সভাপতি সঞ্জয় কুজুর, নাগরাকাটা থানার আইসি কৌশিক কর্মকার। কলকাতার মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজের সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ও পড়ুয়ারা নিজেদের উদ্যোগে নতুন পোশাক ও খাবারের ব্যবস্থা করেন। এই নিয়ে ১৩ বছরে পদার্পণ করল তাঁদের এই উদ্যোগ।

## শারদ উপহার




পুজোর আগে উত্তরবঙ্গের বানারহাট চা বাগানের শ্রমিকদের ২৫০ জন সন্তানকে নতুন জামাকাপড় ও একশো মহিলাকে শাড়ি উপহার দিলেন মহারাজা মণীন্দ্রচন্দ্র কলেজের সাংবাদিকতা ও গণজ্ঞাপন বিভাগের শিক্ষক-শিক্ষাকর্মী ও ছাত্রছাত্রীরা।

Principal
Maharaja Manindra Ch. College
Kolkata-700 003